# ।। বোধ পরীক্ষণ ।।

26.04.2020

'বোধ শব্দের অর্থ জ্ঞান, ধারণা। বোধ পরীক্ষণ বলতে আমরা বুঝি কোনও অনুচ্ছেদ বা কবিতাংশ পড়ে কতটা ধারণা হল তার পরীক্ষা। বোধ পরীক্ষণের প্রধান উদ্দেশ্য হল বুদ্ধির বিকাশ সাধন। বোধ পরীক্ষণের সাফল্য অর্জন করতে হলে কতগুলি নিয়ম মেনে চলতে হবে যেমন -

১।প্রদত্ত অনুচ্ছেদ বা কবিতাংশ বারবার পড়তে হবে।

২। বিষয়টি ভালো করে পড়ার পর সে সম্বন্ধে সম্যক ধারণা করতে হবে।

৩। প্রদত্ত বিষয়ে অজানা শব্দ থাকলে আশে-পাশের শব্দ/ বাক্য থেকে সে সম্বন্ধে ধারণা করতে হবে।

৪। প্রশ্নগুলো ভালো করে পড়ে মনে মনে তার উত্তর স্থির করতে হবে।

৫। প্রশ্নের উত্তর লিখে প্রদত্ত বিষয়ের সঙ্গে আবার মিলিয়ে নিতে হবে।

৬। উত্তর নিজের ভাষায় যথাযথ লিখতে হবে।

৭। কেনো উত্তর খন্ডিত বাক্যে অথবা একটি মাত্র শব্দে হবে-না ।

*নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নের উত্তর দাও :-

গাছে গাছে কত পাখি, কত পাখির ছানা পাতার ফাঁকে ফাঁকে কচি পাতার মতো ছোটো ডানা নাড়ছিল, রাঙা ফুলের মতো ডালে দুলছিল, আকাশে উড়ে যাচ্ছিল, কোটরে ফিরে আসছিল, কিচ্‌মিচ্‌ করছিল। ব্যাধের সাড়া পেয়ে বাসা ফেলে, কোটর ছেড়ে কে কোথায় পালাতে লাগল। মোষ গরমের দিনে ভিজে কাদায় পড়ে ঠান্ডা হচ্ছিল, শিং উঁচিয়ে গহন বনে পালাতে লাগল।

প্রশ্ন : ১।ক। পাখিরা কী করছিল?

খ। মোষ কী করছিল?

২। বিপরীত শব্দ লেখ : পাতাল

উ:- ১।ক। গাছে গাছে পাখিরা রাঙা ফুলের মতো ডালে দুলছিল, আকাশে উড়ে যাচ্ছিল। আবার কোটরে ফিরে আসছিল। তারা কিচ্‌মিচ্‌ করছিল।

খ।মোষ গরমের সময়ে ভিজে কাদায় পড়ে ঠান্ডা হচ্ছিল।

২। পাতাল - আকাশ

Scanned with CamScanner